

অনুগম - " রক্তের নাম "

- " নামটা কী বললেন ? মুসকান ? "

হসপিটালের শীতল ওয়েটিং রুমের চেয়ারে ধপ করে বসে পড়লেন প্রতাপ চট্টোপাধ্যায় । সামনে দাঁড়িয়ে পাড়াতুতো ভাই শিশির । শিশিরের বান্ধবী মুসকানেরও রক্তের গ্রুপ এবি নেগেটিভ । এই গ্রুপটাই এখন সবথেকে বেশি প্রয়োজন প্রতাপ বাবুর বাবার । ধার্মিক প্রতাপ বাবু রক্তদাতার নাম শুনেই থমকে গেলেন কিছুক্ষণ । শেষমেষ মুসলমানের রক্ত যাবে ব্রাঙ্কের শরীরে ? মনে মনে ভাবতে লাগলেন এইসব । সেই সাথে মনের ভিতরেই বন্দি করে রাখলেন ভাবনার পাহাড় । শিশিরকে কোনভাবেই খোঁজ দিলেন না সেই পাহাড়ের । রেয়ার গ্রুপের রক্তটা এখন খুবই প্রয়োজন যে ।।

তিনমাস পর আবার রক্ত দিয়ে বেড়িয়ে আসলো মুসকান । এবি নেগেটিভ গ্রুপের রক্ত পাওয়া যে এত কঠিন হবে ভাবেননি মুক্তমনা তথাগত রায় । যুক্তিবাদী সমিতির সদস্য শিশিরই নিয়ে এসেছিল এই মেয়েটিকে । জরুরী মূহুর্তে রক্তদাতার নামটা আর জানা হয়নি তথাগত রায়ের । ধন্যবাদ দিতে গিয়ে নামটা এবার জিজ্ঞাসা করেই ফেললেন রায় বাবু ।

- " মুসকান ? মানে মুসলিম , বাহু খুব ভালো ,
রক্তের কোন ধর্ম নেই আজ আবার প্রমাণিত হল "

- " ঠিক বলেছেন । কিন্তু রক্তের যেমন ধর্ম নেই , নামেরও তো নেই । আমার পুরো নাম মুসকান চক্রবর্তী ।। "